আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে দুইজনের ৭দিনের জেল

যৌন-উত্তেজক এ্যালকোহল জাতীয় পানিয় বিক্রয়ের দায়ে ২ জনকে ৭ দিনে বিনাশ্রম কারান্ডাদেশ প্রদান করেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গার পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের মৃত-আ: বারীর ছেলে মজিবর রহমান (৫২) দীর্ঘদিন যাবৎ উপজেলা পরিষদের সামনে চায়ের ব্যবসা চালিয়ে আসছেন। চায়ের ব্যবসার পাশাপাশি গোপনে তিনি যৌন উত্তেজক এ্যালকোহল পানিয় বিক্রয় করে আসছিলো। এমন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশের সহযোগিতায় উপজেলা নির্বাহি অফিসার ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। ভ্রাম্যমাণ আদালত মজিবরের দোকান তল্লাশি করে যৌন উত্তেজক এ্যালকোহল পানিয় উদ্ধার করে।

এ সময় আটকৃত মজিবরের স্বীকারোক্তির ভিত্তিতে ভ্রাম্যমাণ আদালত আলমডাঙ্গার ফরিদপুর বাজারের সালেহিন হোমিও হলে অভিযান চালায়।অভিযান পরিচালনার সময় দোকানেমাত্রাতিক যৌন উত্তেজক এ্যালকোহল পানিয় উদ্ধার করে এবং দোকান মালিক আজিবর রহমানের ছেলে তৌমুর সালেহিন (পল্লব)কে আটক করে।সন্ধ্যা ৭টার দিকে পৃথক স্থানে ভ্রাম্যমাণ আদালতে মাধ্যমে আটকৃত দুইজনকে যৌন-উত্তেজক এ্যালকোহল জাতীয় পানিয় বিক্রয়ের দায়ের ৭ দিনে বিনাশ্রম কারান্ডাদেশ প্রদান করেন।
– আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ ‘সাধুবাবার’

বিরুদ্ধে

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় গান শেখানোর নামে ডেকে নিয়ে ষষ্ঠ শ্রেণির এক স্কুল ছাত্রীকে দিনের পর দিন ধর্ষণের অভিযোগ উঠেছে কথিত এক ‘সাধুবাবার’ বিরুদ্ধে।
ওই ছাত্রীর বাবার লিখিত অভিযোগ পাওয়ার পর মঙ্গলবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশ ‘ধর্ষণে সহযোগিতার’ অভিযোগে এক নারীকে আটক করেছে।
তবে যার বিরুদ্ধে অভিযোগ, সেই হবিবর শাহ ওরফে সাধুবাবা পালিয়ে গেছে বলে আলমডাঙ্গা থানার এ এস আই শাহবুদ্দিন লস্কর জানান। তিনি বলেন, হবিবর শাহ এলাকায় ‘লালনভক্ত’ হিসেবে পরিচয় দেন এবং নিজের বাড়িতে নিয়মিত গান-বাজনা করেন। এ কারণে এলাকার লোক তাকে ‘সাধুবাবা’ বলে ডাকে।
মঙ্গলবার রাতে ওই গ্রামের এক ব্যক্তি থানায় গিয়ে সেই ‘সাধুবাবার’ বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন।
পুলিশকে তিনি বলেছেন, তার মেয়েকে হবিবর শাহ গান শেখানোর কথা বলে নিজের বাড়িতে ডেকে নিত। এ ভাবে ষষ্ঠ শ্রেণী পড়ুয়া মেয়েটিকে হাবিবর ‘নিয়মিত ধর্ষণ করে আসছিলেন’, যা সম্প্রতি জানতে পারেন মেয়েটির বাবা।
অভিযোগ পাওয়ার পর রাতেই পুলিশ ওই গ্রামে অভিযান চালিয়ে হবিবর শাহের এক ‘নারী সহযোগীকে’ আটক করে থানায় নিয়ে যায়। তবে হবিবর শাহ তার আগেই পালিয়ে যেতে সক্ষম হন বলে পুলিশের ভাষ্য।
এ এস আই শাহবুদ্দিন লস্কর বলেন, “হবিবর শাহের স্ত্রী এক বছর আগে মারা গেছেন”। তার অনেক নারী সহযোগী আছে। আটক নারী তাদেরই এক জন। সে শিশুটিকে ধর্ষণে সহযোগিতা করত।”
এ ঘটনায় একটি নিয়মিত মামলা করার প্রস্তুতি চলছে বলে এ এস আই লস্কর জানান।

আলমডাঙ্গা প্রতিনিধি

কার্পাসডাঙ্গায় কুমারী মেয়েকে সিঁদুর মাখানোকে কেন্দ্র করে সংঘর্ষ: আহত ২

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা আদিবাসী পাড়ায় গতকাল সোমবার বিজয়া দশমীর দিন কুমারী মেয়েকে সিঁদুর পরানো ও মুখে রং লাগানো কে কেন্দ্র করে ছুরিকাঘাতের ঘটনা ঘটেছে।

জানা গেছে গতকাল বিজয়া দশমীর দিন মেয়েদের কপালে একে অপরে সিঁদুর দেওয়া সহ মুখে রং মাখামাখি করে। কিন্তু কোন কুমারী মেয়ের কপালে সিঁদুর লাগানো যাবে না। তা সত্তেও আদিবাসী পাড়ার নির্মলের ছেলে সঞ্জয় একই পাড়ার ছোটমনির মেয়েকে সিঁদুর মাখিয়ে দেওয়া সহ মুখে রং মেখে দেয়। বিষয় টি মেয়ের মা দেখে ফেলায় বারন করায় সঞ্জয় তার গালেও চড় মারে।

পরবর্তীতে আবারো সন্ধ্যা ৬ টার দিকে বাঘাডাঙ্গার সড়কে প্রতিমা বির্সজনের সময়ও মেয়েটির মুখে রং লেপে দেয়া সহ গায়ে ধাক্কা মারে সঞ্জয়। বিষয়টি নিয়ে আবারো মেয়েটির মা প্রতিবাদ করলে তাকে আবারো চড় মারে। পাশেই থাকা মেয়েটির ভাই পরান ক্ষিপ্ত হয়ে সঞ্জয়কে ছুরিকাঘাত করে। এ সময় মোক্তারপুর গ্রামের মীর্জা মোল্লার ছেলে অটো চালক হীরক মোল্লার অটোতে গিয়ে চড়ে বসে পরান।

আর তাতেই হীরকের উপর সন্দেহের বশবর্তী হয়ে তাকে বেদম প্রহার করে আদিবাসী পাড়ার লোকজন। হীরক গুরুত্বর আহত হয়। ঘটনার পর পরই সঞ্জয় ও হীরককে চিকিৎসার জন্য দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। ঘটনার পর কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই সাইফুল সঙ্গীয় ফোর্স নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেন। পরবর্তীতে ঘটনাস্থল পরিদর্শনে আসেন দামুড়হুদা মডেল থানার ওসি (তদন্ত) জাহাঙ্গীর আলম।

জীবননগরে পূজা উপলক্ষে বিজিবি’র-বিএসএফকে ফুল ও মিষ্টি উপহার

হিন্দু ধর্মাম্বলবীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দূর্গাপূজা। জীবননগরে বিজিবির ৫৮ ব্যাটালিয়ন অধিনায়ক কতৃক শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে বিএসএফ ব্যাটালিয়ন ক্যাম্পকে ফুলের শুভেচ্ছা ও তাদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ খালিশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর পক্ষ থেকে অধিনায়ক লেঃ কর্নেল কামরুল আহসান শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে প্রতিপক্ষ ০৩টি বিএসএফ ব্যাটালিয়ন ও ২৮টি বিএসএফ ক্যাম্পে শুভেচ্ছা উপহার হিসেবে ফুল ও মিষ্টি প্রদান করেন।

জীবননগর প্রতিনিধি:

জীবননগরে কোটি টাকা হাতিয়ে লাপাত্তা আদম ব্যাপারী মাসুদ

চুয়াডাঙ্গা জেলার জীবননগরে ভালো কাজের প্রলোভন দেখিয়ে ইরাক সহ বিভিন্ন দেশে পাঠানোর নাম করে ভুয়া ভিসা দিয়ে কোটি কোটি টাকা আত্মসাৎ করার অভিযোগ উঠেছে মাসুদ রানার বিরুদ্ধে। অভিযুক্ত মাসুদ রানা জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনেরহুদা গ্রামের মমিন উদ্দিনের ছেলে।

ভুক্ত ভোগীদের পরিবার সুত্রে জানা গেছে, গত ১৮-১-১৯ইং তারিখে জীবননগর পৌর শহরের হাইস্কুল পাড়ার আজাদ হোসেনের ছেলে আকমল সাঈদকে ইরাকে ভালো কাজ দেওয়ার নাম করে তার নিকট থেকে ৪ লক্ষ টাকা হাতিয়ে নেওয় হয়। পরবর্তীতে তাকে ইরাকে পাঠানো হলেও ইমিগ্রেশন সংক্রান্ত্রে কাগজপত্রে ত্রুটি থাকায় তাকে দুই মাস

কোন কাজ কর্ম না দিয়ে একটি ঘরের মধ্যে আটকে রাখা হয়।

গত ১৮ ই আগস্ট ভুয়া কাগজপত্রে অবৈধ ভাবে ইরাকে প্রবেশ করায় ইরাকের পুলিশ তাকে আটক করে । সেই থেকে এ পর্যন্ত আটক আছে ওই যুবক।
এ দিকে আকমল সাঈদের বাবা আজাদ হোসেন বাদি হয়ে মাসুদ রানার বিরুদ্ধে গত ৫ সেপ্টম্বর জীবননগর থানায় একটি মামলা দায়ের করে, যার মামলা নং-৪। এ দিকে একই অভিযোগ করেন উপজেলার ডুমুরিয়া গ্রামের বকুলের ছেলে সোহেল ও আরিফ।

তথ্যনুসন্ধানে জানা গেছে, মাসুদ রানা ও তার বাবা মমিন উদ্দিন এবং স্থানীয় এক ভূয়া সাংবাদিক ক্রাইম রিপোর্টার পরিচয় দানকারীর মাধ্যমে এলাকার বেশ কিছু বেকার যুবকদের বিদেশে ভালো কাজের প্রলোভন দেখিয়ে কোটি কোটি টাকা হাতিয়ে নিয়ে নিজে আলীসান বাড়ি আর আলীসান জীবন-যাপন করলেও,মানবতা ও হতাশার মধ্যে জীবন-যাপন করছেন বেকার যুবকরা।

এমন কি নিশ্ব¦ হয়ে পড়েছেন ভুক্তভোগী অসহায় পরিবারের সদস্যরা। এ বিষয়ে মাসুদ রানা বলেন, আমি বিদেশে পাঠানোর নাম করে যে টাকা নিয়েছি তা ঠিক, তাদের তো ইরাকে পাঠিয়েছি তবে সাময়িক সমস্যা হয়েছে তা সমাধান করেছি। উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম বলেন, মাসুদ রানার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়ার নাম করে টাকা আত্মসাৎ এর একাধিক অভিযোগ রয়েছে।

কিন্তু বিচারের দিন এলেই সে এলাকা থেকে পালিয়ে যায়। জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়া বলেন মাসুদ রানার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়ার নামে টাকা নেওয়ার একটা মামলা হয়েছে। তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগর প্রতিনিধি:

পুলিশ সুপার জাহিদুল ইসলামের আলমডাঙ্গার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ও পুলিশ সুপার জাহিদুল ইসলাম আলমডাঙ্গার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন।

গতকাল ৫ অক্টোবর সন্ধ্যায় আলমডাঙ্গা পুরাতন বাজার শ্রী শ্রী দূর্গা মন্দির ও কালিদাসপুর দূর্গা মন্দির ও স্টেশনপাড়া দূর্গা মন্দির পরিদর্শন করেন।

পরিদর্শন কালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী, সহকারি কমিশনার (ভূমি) সীমা শারমিন, নির্বাহি ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ, খায়রুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (চুয়াডাঙ্গা সার্কেল) কলিম উল্লাহ, পুলিশ সুপার পত্নী, আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু, কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুন্সি আসাদুজ্জামান, বিদ্যুৎ কুমার সাহা, মদন কুমার সাহা, অপূর্ব কুমার সাহা, বিশ্বজিত কুমার সাধুখাঁ, সুশীল কুমার ভৌতিকা, অনীল কুমার অধিকারী, মণিন্দ্রনাথ দত্ত, পলাশ আচার্য্য, নয়ন সরকার প্রমুখ।

পূজা মন্ডপ পরিদর্শন কালে জেলাপ্রশাসনের শীর্ষ কর্মকর্তারা মন্ডপের সৌন্দর্য-সৌষ্ঠব, ধর্মীয় ভাবগম্ভীর ও সুষ্ঠু পরিবেশ এবং নিরাপত্তা মূলক প্রশাসনিক পদক্ষেপে সন্তুষ্টি প্রকাশ করেন।

গড়াই এ পানি কমছে, বাড়ছে সাপের উপদ্রব

কুষ্টিয়া জেলার পদ্মা ও গড়াইতে পানি কমতে শুরু করেছে। বৃহস্পতিবার স্থিতিশীল অবস্থায় থাকার পর শুক্রবার বিকেল থেকে পানি কমতে শুরু করে। শনিবার সকাল ৯টা পর্যন্ত পদ্মার হার্ডিঞ্জ ব্রিজ পয়েন্টে ৪ সেন্টিরমিটার পানি কমে। বর্তমানে পদ্মায় বিপদ

সীমার ৪ সেন্টিমিটার ওপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। তবে শনিবার সকাল থেকে আবারও পানি স্থিতিশীল রয়েছে। পদ্মার সঙ্গে সঙ্গে কমতে শুরু করেছে পদ্মার অন্যতম শাখা মাথাভাঙ্গা নদীর পানিও। শনিবার সন্ধ্যার মধ্যে পানি বিপদ সীমার নিচে নেমে আসবে বলে ধারণা করা হচ্ছে। অন্য দিকে শহরের কোলঘেঁষা প্রবাহিত গড়াই নদীর পানিও কমতে শুরু করেছে। গড়াই রেলসেতু পয়েন্টে শনিবার সকাল ৯ টায় ১২ দশমিক ৪১ সেঃ মিঃ ছিল। এখানে বিপদ সীমা ১২ দশমিক ৭৫ সেঃ মিঃ। শুক্রবার এ পয়েন্টে পানি ১২ দশমিক ৪৩ সেঃ মিঃ ছিল। এ দিকে কুষ্টিয়ার দৌলতপুরে বন্যাকবলিত মানুষের দুর্ভোগ অব্যাহত রয়েছে। পানি বাহিত রোগসহ এলাকায় ব্যাপক ভাবে বিষাক্ত সাপের উপদ্রব বেড়ে গেছে। প্রতিদিনই পানিতে ভেসে আসছে বিভিন্ন প্রজাতির বিষধর সাপ। এতে দুর্ভোগের সঙ্গে সাপ আতঙ্ক দেখা দিয়েছে পানিবন্দি মানুষের মাঝে। বন্যা কবলিতরা জানান, দৌলতপুর উপজেলার পদ্মার তীরবর্তী চিলমারী ও রামকৃষ্ণপুর ইউনিয়নের ৩৮ গ্রামের ১০ হাজার পরিবারের প্রায় ৫০ হাজার মানুষ গত ১০ দিন ধরে পানিবন্দি অবস্থায় রয়েছে। প্রায় ৩ হাজার পরিবারের বাড়ি ঘরে পানি ঢুকেছে। বাড়ি ঘরে পানি উঠে আসায় বিষাক্ত সাপও ভেসে আসছে। বিভিন্ন প্রজাতির সাপ ঘরের চালায়, গাছপালায় ও পানিতে ভেসে বেড়াচ্ছে। চিলমারী ইউনিয়নের খারিজাথাক গ্রামের বাসিন্দা ইয়াসিন আলী জানান, প্রতিদিনই বিভিন্ন প্রজাতির বড় বড় সাপ দেখা যাচ্ছে। দিনের আলোতে সাপ গুলোকে দেখা গেলেও রাতের অন্ধকারে কখন ঘরের মধ্যে চলে আসছে তা বোঝা যাচ্ছে না। তাই রাতের বেলায় সাপের ভয়ে নির্ঘুম রাত কাটাতে হচ্ছে। বৃহস্পতি ও শুক্রবার গুড়ি গুড়ি বৃষ্টি দৌলতপুরের বন্যা কবলিত এলাকায় দুর্ভোগ বাড়িয়েছে। মানুষের মধ্যে পানিবাহিত বিভিন্ন রোগ বালাই দেখা দিয়েছে। বন্যা কবলিত এলাকায় সবচেয়ে ঝুঁকির মধ্যে পড়েছে বৃদ্ধ ও শিশুরা। গত এক সপ্তাহে উপজেলায় বন্যার পানিতে ডুবে ২ শিশুর মৃত্যু হয়েছে। এ দিকে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। সরকারি ভাবে ছাড়াও বিভিন্ন সংস্থা ও সংগঠন বন্যার্তদের সহযোগিতায় এগিয়ে আসছে। পুলিশের পক্ষ থেকে কুষ্টিয়া পুলিশ সুপার এস এম তানভীর আরাফাতের নেতৃত্বে শনিবার চিলমারী ও রামকৃষ্ণপুর ইউনিয়নের কয়েকটি এলাকায় বন্যার্তদের মাঝে দুই হাজার প্যাকেট ত্রাণ বিতরণ করা হয়। এ সময় পুলিশ সুপারের স্ত্রী শারমিন আক্তার, এডিশনাল এস পি এস এম আল বেরুনী ও দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এস এম আরিফুর রহমান সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। শুক্রবার সংসদ সদস্য আ ক ম সারওয়ার জাহান বাদশাহ দৌলতপুরের বন্যা পরিস্থিতি নিয়ে ত্রাণ ও দুর্যোগ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান এনামের সঙ্গে সাক্ষাত

করলে প্রতিমন্ত্রী বর্ন্যাতদের জন্য তাৎক্ষণিক ১০০ টন চাল ও নগদ ৫ লাখ টাকা বিশেষ বরাদ্দ দেন। দৌলতপুর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান বলেন, দুর্গত এলাকায় প্রতিদিন ত্রাণ বিতরণ করা হচ্ছে। ইতোমধ্যেই চিড়া, বিস্কুট, তেল, নুডুলস সম্বলিত ৬ হাজার প্যাকেট ও ২২ মেট্রিক টন চাল বিতরণ করা হয়েছে। আরও ২০ মেট্রিক টন চাল ও এক হাজার মেট্রিক টন শুকনা খাবার বরাদ্দ পাওয়া গেছে। শনি ও রোববার সে গুলো বিতরণ করা হবে। এ ব্যাপারে কুষ্টিয়া জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন জানান, পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে ভাঙ্গন দেখা দেয়ার আশংকা থাকায় পর্যাপ্ত শুকনা খাবার, ত্রাণ রয়েছে। সার্বক্ষণিক দু জন ম্যাজিষ্ট্রেট নিয়োজিত রয়েছে। সাথে ট্রলারে বিজিবি টহল টিম রয়েছে। ইতিমধ্যে ৫৯ মেঃ টন চাল বিতরণ করা হয়েছে। ত্রাণ বিতরণে কোন অনিয়ম হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান। এ দিকে পদ্মা নদীতে গত ২৪ ঘণ্টা তেমন পানি বৃদ্ধি পায়নি। বুধবার বিকালে শূন্য দশমিক ১ সেন্টিমিটার পানি কমে বিপদ সীমার শূন্য দশমিক ৭ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা বলছেন, পদ্মায় বর্তমানে ১৪ দশমিক ৩২ সেন্টিমিটার দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। গত দুই দিন ধরে পানি স্থিতিশীল রয়েছে। তাদের ধারণা, পানি আর বৃদ্ধি নাও হতে পারে। তবে প্লাবিত এলাকা থেকে পানি নেমে যেতে আরও কিছুদিন সময় লাগতে পারে। গত এক সপ্তাহে এ উপজেলায় বন্যার পানিতে ডুবে ২ শিশুর মৃত্যু হয়েছে। গত বৃহস্পতিবার জেলা সিভিল সার্জনের নেতৃত্বে মেডিকেল টিম বন্যা কবলিত এলাকা পরিদর্শন করে দুর্গতদের খোঁজ খবর নিয়েছেন। এ ছাড়াও কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কালোয়া, কোমরকান্দি ও কল্যাণপুর ভাঙনের কবলে পড়েছে। শিলাইদহ কুঠিবাড়ি রক্ষা বাঁধের ৩০ মিটার নদীগর্ভে বিলীন হয়ে গেছে। ভেঙ্গে যাওয়া অংশ সিসি ব্লক এবং জিও ব্যাগ ফেলে মেরামতের কাজ শেষ করেছে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা। পাশাপাশি কুমারখালী উপজেলার মহেন্দপুর এলাকাতেও বন্যার পানি প্রবেশ করেছে। ফসলের পাশা পাশি এ সব এলাকার বাড়ি-ঘরের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ ইতো মধ্যে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করে বন্যা কবলিতদের ত্রাণ সহায়তা দিয়েছেন।

জীবননগরে আওয়ামীলীগ নেতা রবি ইন্তেকাল : বিভিন্ন মহলে শোক

জীবননগর প্রতিনিধি:
চুয়াডাঙ্গার জীবননগরে আওয়ামীলীগ নেতা রবিউল ইসলাম ইন্তকাল করেছে। গত বৃহস্পতিবার রাতে নিজ বাড়ি আন্দুলবাড়িয়া ইউনিয়নরে কুলতলা গ্রামে ইন্তেকাল করেন ।

গতকাল শুক্রবার বিকাল ৪টার সময় কুলতলা গ্রামের ঈদগা মাঠে নামাজের জানাযা শেষে তাকে দাফন করা হয়।

মরহুমের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংষদ সদস্য হাজী আলী আজগার টগর,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমনা,উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,পৌর আওয়ামীলীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,বন্ধু রক্তদান কেন্দ্রের সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ প্রমুখ।

জীবননগরে ২৪০ বোতল ফেন্সিডিল সহ আটক-৪

চুয়াডাঙ্গার জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৪০ বোতল ফেন্সিডিলসহ ৪ মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৭টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়ার র্নিদেশে জীবননগর থানার এস আই সিরাজুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর হাইস্কুলের সামনে কে,জি,এন পরিবহনে তল্লাশী করে ২৪০ বোতল ফেন্সিডিলসহ ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার নেপারমোড় কুল্লপাড়া গ্রামের মফিজুল ইসলামের ছেলে ইমন(১৮) আঃ সামাদের ছেলে বকুল (২০)একই

উপজেলার মাইলবাড়িয়া মাঝের পাড়ার রেজাউল মন্ডলের ছেলে মন্টু মিয়া
(২৩) এবং নুর হোসেনের ছেলে আসমাউল হোসেনকে (১৮) আটক করে পুলিশ ।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।

জীবননগর প্রতিনিধি:

চুয়াডাঙ্গায় ট্রেনের ধাক্কায় বৃদ্ধ নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার গাইদঘাট রেলগেটের অদূরে ট্রেনের ধাক্কায় আলাউদ্দীন মন্ডল (৭০) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। শুক্রবার সকালে খুলনা থেকে গোয়ালন্দগামী নকশীকাঁথা আপ ট্রেনের ধাক্কায় মারা যান তিনি।

নিহত আলাউদ্দীন গাইদঘাট দক্ষিণপাড়ার মৃত মিনাজ উদ্দীন মন্ডলের ছেলে। চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশের উপ-পরিদর্শক জালাল উদ্দীন জানান, শুক্রবার সকালে চুয়াডাঙ্গা শহরে আসার উদ্দেশ্যে আলউদ্দীন বাড়ি থেকে বের হন।

পথে গাইদঘাট রেলগেটের অদূরে রেললাইন পার হওয়ার সময় নকশীকাঁথা ট্রেনের ধাক্কায় ছিটকে পড়েন তিনি। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা প্রতিনিধি: